ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১২৮
ছৈলেংটা, ০৯ এপ্রিল, ২০২৫

# বিভিন্ন বিষয় নিয়ে মনুঘাটে বৈঠক

বালিকা মঞ্চ, নেশা মুক্তি ও পানীয় জল মূলতঃ এই তিনটি বিষয়ে নিয়ে আলোচনার জন্য সম্প্রতি মনুঘাট রেভিনিউ ডাকবাংলোতে এক বৈঠক অনুষ্ঠিত হয়। লংতরাইভ্যালি মহকুমাভিত্তিক এই বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক শম্ভুলাল চাকমা, বিধায়ক পল দাংশু, এমডিসি সঞ্জয় দাস, ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ, মহকুমা শাসক উত্তম কুমার ভৌমিক, এসডিপিও রাজু রিয়াং, মনু ও ছামনু ব্লকের বিডিও এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। আলোচনায় অংশ নিয়ে বিধায়কগণ সংশ্লিষ্ট আধিকারিকদের উল্লিখিত সমস্যা বিশেষ করে পানীয় জল সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পরামর্শ দেন। বৈঠকে আলোচনা করতে গিয়ে মহকুমা শাসক মহকুমার বিভিন্ন সমস্যা ও সাফল্যের তথ্য তুলে ধরেন সভায়। বালিকা মঞ্চ কর্মসূচিতে বিভিন্ন স্কুলে বাল্যবিবাহ সম্পর্কিত কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে তা নিয়েও আলোচনা করা হয়। জেলা শাসক বৈঠকে সংশ্লিষ্ট সবাইকে এজাতীয় সামাজিক সমস্যা মোকাবিলায় সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানান। বৈঠকে আলোচিত বিষয়গুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে বিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, ভিলেজ কমিটি, গ্রামপঞ্চায়েত, টি আর এল এম, সামাজিক সংস্থাগুলিকে যুক্ত করে কাজ করার সিদ্ধান্ত নেওয়া হয়। এমনকি ন্যায্য মূল্যের দোকান, পুলিশ এর সহযোগিতায় সচেতনতা কর্মসূচি হাতে নেওয়ার ও সিদ্ধান্ত হয়।

*****